কুষ্টিয়ায় আকিজ বিড়ি কারখানায় শ্রমিক-পুলিশ সংঘর্ষ, গুলিবিদ্ধসহ আহত

কুষ্টিয়ার দৌলতপুরে আকিজ বিড়ি কারখানায় শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে। এ সময় এক শ্রমিক গুলিবিদ্ধসহ আহত হয়েছেন অন্তত ৫ জন।

শনিবার সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার হোসেনাবাদে কারখানার প্রধান ফটকের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে কারখানায় প্রবেশের সময় পার হওয়ার পর অনেক শ্রমিক ঢোকার চেষ্টা করেন। এ সময় কারখানার নিরাপত্তা কর্মীরা বাধা দিলে উভয়পক্ষে বাকবিতণ্ডা শুরু হয়।

একপর্যায়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে কারখানার ম্যানেজার আমিনুল ইসলাম থানায় খবর দেন। পরে পুলিশ এসে শ্রমিকদের সেখান থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করলে তারা ইট পাটকেল নিক্ষেপ শুরু করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ প্রথমে শ্রমিকদের লাঠিপেটা করে। পরে কয়েক রাউন্ড ফাঁকা গুলি ছোড়ে। এ ঘটনায় এক শ্রমিক গুলিবিদ্ধসহ অন্তত ৫ জন আহত হয়েছেন।

গুলিবিদ্ধ শ্রমিকের নাম শিপুল ইসলাম। তিনিসহ আহত ৫ শ্রমিক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন আছেন।

এ রিপোর্ট লেখার সময় দুপুর দেড়টা পর্যন্ত কারখানার সব শ্রমিক কাজ বন্ধ করে হোসেনাবাদ বাজারে কুষ্টিয়া-প্রাগপুর সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন। তাদের সঙ্গে উপজেলার ফিলিপনগর কারখানার শ্রমিকরাও যোগ দিয়েছেন।

শ্রমিকদের অভিযোগ, কারখানা ম্যানেজার আমিনুল ইসলামের নির্দেশে পুলিশ শ্রমিকদের ওপর গুলি চালিয়েছে। তারা অবিলম্বে ম্যানেজারের অপসারণ দাবি করেন।

এ ঘটনায় তাৎক্ষণিকভাবে ম্যানেজার আমিনুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

দৌলতপুর থানার ওসি (তদন্ত) শাহাদত হোসেন যুগান্তরকে জানান, পুলিশ আত্মরক্ষার্থে ৩ রাউন্ড ফাঁকা গুলি করেছে। বর্তমানে পরিস্থিতি তাদের নিয়ন্ত্রণে রয়েছে। সড়ক অবরোধকারী শ্রমিকদের সরিয়ে দেওয়ার চেষ্টা চলছে।

চুয়াডাঙ্গার মাল্টাচাষীর পদক লাভ

মাল্টা চাষে ব্যাপক সাফল্যের কারণে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সাখাওয়াৎ হোসেন বাবুলকে পদক দিয়েছে বেসরকারি টেলিভিশন ‘চ্যানেল আই’। দেশের সর্ববৃহত মাল্টাচাষী হিসেবে তাকে এ পুরষ্কারে ভূষিত করা হয়।

চুয়াডাঙ্গার কৃষি খাতকে এগিয়ে নেয়ার স্বীকৃতি স্বরূপ সাখাওয়াৎ হোসেনকে ‘চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড ২০২০’-এর সেরা কৃষক (পুরুষ) পদক প্রদান করা হলো।

দামুড়হুদার মাল্টাচাষী সাখাওয়াৎ হোসেন জানান, গত ৮ জানুয়ারি রাজধানী ঢাকার একটি অভিজাত হোটেলে আনুষ্ঠানিকভাবে পুরষ্কারের নগদ টাকা ও ক্রেস্ট প্রদান করে চ্যানেল আই কর্তৃপক্ষ। অনুষ্ঠানে আটটি বিভাগে ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মানিত করা হয়। ষষ্ঠ বারের মতো এ বছর স্ট্যান্ডার্ড চার্টার্ড চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড প্রদান করা হলো।

তিনি আরো জানান, গত ২৪ ডিসেম্বর স্ট্যান্ডার্ড চার্র্টার্ড চ্যানেল আই এগ্রো অ্যাওয়ার্ড’র জুরি বোর্ডে সভায় বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।

এবারের পুরষ্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রী আব্দুর রাজ্জাক, ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর, চ্যানেল আইয়ের বার্তা সম্পাদক শাইখ সিরাজ ও স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা নাসের এজাজ বিজয়।

আজ থেকে কমবে তাপমাত্রা, আগামী সপ্তাহে আবার শৈত্যপ্রবাহ

আজ শনিবার (৯ জানুয়ারি) থেকে কমতে পারে তাপমাত্রা। এরপর চলতি মাসের মাঝামাঝিতে মৃদু থেকে মাঝারি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা।

গতকাল শুক্রবার (৮ জানুয়ারি) সকাল ৬টা থেকে ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, সারা দেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা কমতে পারে। তবে পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা জানিয়ে বলা হয়েছে, এ সময়ের শেষের দিকে রাতের তাপমাত্রা আরো হ্রাস পেতে পারে।

আবহাওয়াবিদ আবদুল মান্নান বলেন, ‘এখন যে তাপমাত্রা আছে তা আর বাড়বে না বরং কমবে। তবে শৈত্যপ্রবাহ আসতে চলতি মাসের মাঝামাঝি পর্যন্ত সময় লাগবে।’

অবশ্য চলতি মাসের দীর্ঘমেয়াদি পূর্বাভাসে দুটি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এর মধ্যে একটি তীব্র হতে পারে অর্থাৎ তাপমাত্রা ৪ থেকে ৬ ডিগ্রি সেলসিয়াসে নেমে আসতে পারে। আর সামগ্রিকভাবে দেশে স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দেশের উত্তর, উত্তর-পূর্বাঞ্চল, উত্তর-পশ্চিমাঞ্চল ও মধ্যাঞ্চলে এবং নদ-নদী অববাহিকায় মাঝারি বা ঘন কুয়াশা এবং অন্যত্র হালকা ও মাঝারি কুয়াশা পড়তে পারে। ঘন কুয়াশা পরিস্থিতি কখনো কখনো দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

গতকাল দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রীমঙ্গল ও রাজারহাটে ১২ ডিগ্রি সেলসিয়াস। ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭, ময়মনসিংহে ১৪.৮, চট্টগ্রামে ১৮.৪, সিলেটে ১৬.৫, রাজশাহীতে ১৩.৫, রংপুরে ১৫, খুলনায় ১৭.৩ এবং বরিশালে ১৫.১ ডিগ্রি সেলসিয়াস।

এ ছাড়া আবহাওয়াচিত্রের সংক্ষিপ্তসারে বলা হয়েছে, উপমহাদেশীয় উচ্চ চাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তত্সংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান

করছে।

করোনা প্রতিরোধে বাংলাদেশে যেসব চিকিৎসা সামগ্রী পাঠাবে তুরস্ক

বাংলাদেশকে করোনাভাইরাস বিরোধী লড়াইয়ে জরুরি চিকিৎসা সামগ্রী দিয়ে সহায়তা করবে তুরস্ক।

মহামারী নির্মূলের বৈশ্বিক প্রচেষ্টায় সহযোগিতার হাত বাড়িয়ে আরও দুটি দেশ; জর্জিয়া এবং তুর্কি প্রজাতন্ত্রী উত্তর সাইপ্রাসকেও এ সাহায্য পাঠানো হবে।

বাংলাদেশে তুরস্কের এ ত্রাণটি আসবে দ্বিপাক্ষিক এক চুক্তির আওতায়। বৃহস্পতিবার তুর্কি সরকারের এক প্রজ্ঞাপনে বিষয়টি সম্পর্কে নিশ্চিত করা হয়।
এর আগে গেল বছরের ১২ অক্টোবর আঙ্কারায় দুই দেশের মধ্যে চিকিৎসা সরঞ্জাম অনুদান সম্পর্কিত চুক্তিটি হয়, বলে প্রজ্ঞাপনটি উল্লেখ করে।

সেখানে বলা হয়, “সৌহার্দ্য এবং ভ্রাতৃত্বের নিদর্শন” হিসেবে তুরস্ক; ২০টি ভেন্টিলেটর, ১০ হাজার গাউন, ১০ হাজার এন-৯৫ মাস্ক, ১০ হাজার প্রটেক্টিভ কাভারঅল, ২ হাজার ফেস শিল্ড এবং ৫ হাজার সুরক্ষা চশমা অনুদান দেবে।

গেল বছরের ৯ অক্টোবর স্বাক্ষরিত একই ধরনের আরেক চুক্তির আওতায় জর্জিয়া পাবে ২০টি ভেন্টিলেটর, ৫০ হাজার ডায়াগনস্টিক কিট, ২ হাজার বাক্স প্লেকুয়েনিল ট্যাবলেট, ৪ হাজার বাক্স ফেভিপিরাভির এবং ২ হাজার বাক্স লাইঞ্জোলিড এবং করোনা চিকিৎসায় ব্যবহৃত আরও বেশকিছু ওষুধপত্র। সূত্র: ডেইলি সাবাহ

হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী ফারুক হোসেনের সাথে সাংবাদিকদের মতবিনিময়

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের মেয়র প্রার্থী মোঃ ফারুক হোসেনের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের অস্থায়ী কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজুর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এইচ মাহবুব মিলুর সঞ্চালনায় মোঃ ফারুক হোসেন সাংবাদিকদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

এসময আরও বক্তব্য রাখেন হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সিনিয়র সহ-সভাপতি মাহবুব মোর্শেদ শাহীন, দৈনিক ইত্তেফাক প্রতিনিধি ও হরিণাকুণ্ডু প্রেসক্লাবের উপদেষ্টা শাহানুর আলম, প্রেস ক্লাবের সহ-সভাপতি সাইফুর রহমান বাদল, মোস্তাফিজুর রহমান এলবি লিটন, মামুনর রশীদ টোটন, আনন্দ টিভির জাফিরুল ইসলাম, শহিদুল ইসলাম টুকুসহ অন্যান্য সাংবাদিকবৃন্দ।

এসময় সাংবাদিকদের উদ্দেশ্যে মোঃ ফারুক হোসেন বলেন, সাংবাদিকরা জাতির বিবেক আগামী ৩০ জানুয়ারী, হরিণাকুণ্ডু পৌরসভার নির্বাচন হতে যাচ্ছে সেই নির্বাচন যেন সুষ্ঠু এবং নিরপেক্ষ হয় সেটাই আমার উদ্দেশ্য। আপনারও নিরাপেক্ষ থেকে সংবাদ পরিবেশন করবেন বলে আমি আশাকরি।

আমি বা আমার কর্মী সমর্থক বাহিনী যদি কোন ধরণের আচরণ ভঙ্গেরমত কাজ করে তাহলে আমার কাছে জানালে খুশি হবো। উদ্দেশ্যমূলক ভাবে বা কোন ব্যক্তি গোষ্টির প্ররোচণায় মিথ্যা সংবাদ পরিবেশন করবেন না বলেও আমি আশা করি।

সবশেষে তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাকে

নৌকা দিয়েছেন আমি এর সম্মান রক্ষা করার চেষ্টা করে যাব এবং আমি জনগণের ভোটে নির্বাচিত হলে, আমার রাজনৈতিক অভিভাবক জেলা আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক, ঝিনাইদহ-২ আসনের সংসস সদস্য, হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দকে সাথে নিয়ে এবং তাদের সহযোগীতায় হরিণাকুণ্ডুকে সি গ্রেডের পৌরসভা থেকে এ গ্রেডের পৌরসভায় উন্নিত করার চেষ্টা করে যাব।

দামুড়হুদার কানাইডাঙ্গা- ছাতিয়ানে কৃষি জমিতে মাটি কাটার হিড়িক

দামুড়হুদার কানাইডাঙ্গা-ছতিয়ানতলা গ্রামের মাঝ মাঠে কৃষি জমিতে ভেকু মেশিন দিয়ে মাটি কাটা হচ্ছে। অবৈধভাবে ফসলি জমির মাটি কাটার ফলে খাদ্য ঘারতি হতে পারে বলে ধারণা করছে সচেতন মহল।

সরেজমিনে ও অভিযোগে জানা যায়, দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা- ছাতিয়ানতলা এই দুই গ্রামের মাঝ মাঠে ভেকু মেশিন দিয়ে অবৈধ উপায়ে কৃষি জমি থেকে মাটি উত্তোলন করে চলেছে চিহ্নিত দুই জন ভূমিদস্যু। চিহ্নিত এই দুইজন ভূমিদস্যু হলো হুদাপাড়া গ্রামের নাজমুল হাসান গ্যাগা ও চন্দ্রবাস গ্রামের রাজ্জাক।

বেশ কিছুদিন যাবত এই দুই চিহ্নিত ভূমিদস্যু কানাইডাঙ্গা- ছাতিয়ানতলা এই দুই গ্রামের মাঝের মাঠে ফসলি জমি থেকে অবৈধ ভাবে মাটি কেটে উপজেলার বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে আসছে। এই দুই গ্রামের কৃষকরা তাদের মাঠের ফসলি জমি থেকে মাটি কে বিক্রি করতে একাধিকবার নিষেধ করলেও তারা কোনো কর্ণপাত না করাই কৃষকরা দিশেহারা হয়ে পড়েছে। ভূমিদস্যুরা প্রভাবশালী হওয়ায় তাদের ভয়ে জোর গলায় কথাও বলতে পারছে না।

এ বিষয়ে ঐ এলকার ভূক্তভোগী কৃষকরা কৃষি জমি বাঁচাতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সু-দৃষ্টি কামনা করেছে। এ বিষয়ে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ জানান, অবৈধ উপায়ে

মাটি কেটে বিক্রিকারী যেই হোক না কেনো তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরের রাজনগরে মসজিদের কমিটি নিয়ে বিরোধ

মেহেরপুর সদর উপজেলার রাজনগর জামে মসজিদের সভাপতি পদ নিয়ে বিরোধ চলছে বেশ কয়েক দিন ধরেই। গতকাল শুক্রবার জুম্মার নামাজ শেষে এ নিয়ে কথা কাটাকাটি হয় দু-গ্রুপের মধ্যে।

জানা গেছে, বর্তমান সভাপতিকে কোন রকম অবহিত না করে গোপনে অপর এক পক্ষ নতুন সভাপতি তৈরি করেছে। এই নতুন সভাপতি জেলা পরিষদের বরাদ্দ দেওয়া একলক্ষ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে গায়েব করেছে বলেও অভিযোগ উঠেছে।

এ বিষয়ে শেখ পাড়া জামে মসজিদের ইমাম আশরাফুল ইসলাম জানান, আমি জানি এই মসজিদের কমিটির সভাপতি হচ্ছেন মনিরুজ্জামান ফিরাতুল। কিন্তু প্রায় বছর খানেক ধরে শুনছি নতুন সভাপতি হয়েছেন অলিল নামের একজন।

পূর্বের সভাপতি মনিরুজ্জামান ফিরাতুল জানান, আমি ২০১৪ সাল থেকে রাজনগর মসজিদের সভাপতি হিসেবে দায়িত্বে আছি। মসজিদ উন্নয়নের জন্য আমি জেলা পরিষদের কাছে ১ লাখ টাকার আবেদন করি। কমিটির ক্যাশিয়ার শফিকুল ইসলাম কারসাজি করে নতুন সভাপতি নিয়োগ দিয়েছেন। এই কমিটি দিয়ে জেলা পরিষদের দেওয়া ১ লাখ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে ফেলেছে তারা।

মসজিদের ক্যাশিয়ার শফিকুল ইসলাম জানান, এর আগে যারা দায়িত্বে ছিল তাদের বিরেুদ্ধে নানা ধরনের অভিযোগ ছিল। পরে গ্রামবাসী আমাকে ক্যাশিয়ারের দায়িত্ব দেয়। সেই সাথে নতুন একজনকে সভাপতি করার জন্য বলে। গ্রামবাসীর কথামত অলিল নামের একজনকে সভাপতি করা হয়। জেলা পরিষদের দেওয়া অর্থের বিনিময়ে ইতোমধ্যে মসজিদের প্রাচীরের কাজ চলমান আছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মোড় হতে ১০ (দশ) বোতল ফেন্সিডিলসহ মোঃ মেহেদী হাসান ইমন কে গ্রেফতার করে। আসামি মেহেদী হাসান ইমন দর্শনা আজিমপুরের আঃ মালেক এর ছেলে।

অপরদিকে, দুপুর ২.৩০ ঘটিকার সময় এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ পূর্তি পালন

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনের জনপ্রশাসন প্রতিমন্ত্রী হিসেবে দ্বিতীয় বর্ষ পূর্তি উপলক্ষে মেহেরপুরে কেক কাটার আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক সরফরাজ হোসেন মিদুল এর সভাপতিত্বে ও সরকারি কলেজ শাখা ছাত্রলীগের উদ্যোগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে কেক কেটে প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ উদযাপন করা হয়।

এসময় কেক কাটা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর